ইত্তেফাক

56

তারিখ 1/8/78
পৃষ্ঠা 1 কলাম 2

# ১ম হইতে ৩য় শ্রেণীর পুস্তকের মূল্য হ্রাস

বরিশাল, ৩১শে জুলাই (বাসস)। শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ আজ বরিশালের টাউন হলে এক জনসমাবেশে বক্তৃতাকালে বলেন:

শিক্ষাকে সার্বজনীন, গণতান্ত্রিক ও সহজলভ্য করার পদক্ষেপ হিসাবে আজ হইতে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর বইয়ের দাম শতকরা ২৫ ভাগ কমান হইয়াছে। তিনি জানান, আগামী তিনমাসের মধ্যে অন্তবর্তীকালীন শিক্ষা-নীতি ঘোষণা করা হইবে।